

বিগত পাঁচ বছরের সাফল্যের সংক্ষিপ্ত বিবরণী

- সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ১ লাখ ৪২ হাজার ৭৩টি ভূমিহীন পরিবারের মধ্যে ৬৯ হাজার ৫৯১ একর কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে।
- চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্পের ৬ হাজার ১৮৫টি ভূমিহীন পরিবারের মধ্যে প্রায় ৯ হাজার একর খাস জমির খতিয়ান বিতরণ করা হয়েছে।
- ১৯০টি গুচ্ছগ্রাম প্রতিষ্ঠা করে প্রাকৃতিক দুর্যোগের শিকার আশ্রয় ও ভূমিহীন ৮২২২টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে।
- রাজধানীর ভাষানটেক এলাকায় সরকারি জমিতে ছিন্নমূল বস্তিবাসী ও নিম্নবিত্তদের জন্য ২০১৬টি ফ্লাট নির্মিত নির্মিত হয়েছে। এর মধ্যে ৫৯৬ জন বস্তিবাসীসহ ১৭৯৪টি ফ্ল্যাটে সুবিধাভোগীগণ বসবাস করছেন। রাজধানীর কাটাবন এলাকায় ৬ তলা বিশিষ্ট ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। দেশের জরাজীর্ণ উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসের মধ্যে ৯৬টি উপজেলা ও ২০৭টি ইউনিয়ন ভূমি অফিস এর ভবন নির্মাণ করা হয়েছে।
- ভূমির পরিকল্পিত ব্যবহার নিশ্চিত করতে ২১টি জেলার ১৫২টি উপজেলায় ডিজিটাল ল্যান্ড জোনিং ম্যাপ প্রণয়ন কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৪০টি জেলায় ল্যান্ড জোনিং কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। ল্যান্ড জোনিং ফলপ্রসূ করার জন্য “কৃষি জমি সুরক্ষা ও ভূমি ব্যবস্থাপনা আইন-২০১২” নামে একটি আইনের খসড়া প্রণয়ন করা হয়েছে।